

তিন সহস্রাধিক শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ল্যাব

■ ইত্তেফাক রিপোর্ট

বর্তমান সরকারের তিন বছরে দেশের তিন সহস্রাধিক শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ল্যাব স্থাপন করা হয়েছে। পর্যায়ক্রমে সকল শিক্ষা প্রতিষ্ঠানে ডিজিটাল ল্যাব স্থাপন করা হবে। গত রবিবার বিকালে জাতীয় সংসদ ভবনে আলহাজ্ব মো. দখিলুল ইসলামের সভাপতিত্বে বিজ্ঞান, এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির বৈঠকে এ কথা জানানো হয়। সংসদ সচিবালয় সূত্রে জানায়, বৈঠকে ডিজিটাল বাংলাদেশের স্বপ্ন বাস্তবায়নে সরকারের পৃষ্ঠিত বিভিন্ন কার্যক্রমের অগ্রগতি নিয়ে সদস্যরা আলাচনা করেন। এর আগে মন্ত্রণালয়ের পক্ষ থেকে কমিটির সামনে পেশকৃত রিপোর্টে বলা হয়, বর্তমান সরকারের আমলে এ পর্যন্ত সার্বভাষে তিন হাজার ১৭২টি শিক্ষা প্রতিষ্ঠানে

কম্পিউটার ল্যাব স্থাপন করা হয়েছে।

কমিটির সদস্য নাছিমুল আলম চৌধুরী, মো. শাহরিয়ার আলম, তানভীর শাকিল জয়, জুনাইদ আহমেদ পদক এবং শওকত আরা বেগম বৈঠকে অংশগ্রহণ করেন। বিশেষ আমন্ত্রণে বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী স্থপতি ইয়াসিন ওসমান অংশ নেন।